

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
(মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
ঢাকা

নং-পম/আনরুস(এমএইউ)/৩৫৪/২০১৬/৪৫০


তারিখ : ২৮ জুলাই ২০১৬

প্রেরক : এ কে এম মনিরুল হক
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
প্রাপক : কমান্ডার আহমদ আল করিম, বিএন
সিস্টেম এনালিস্ট (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয় : আগামী ২৯-৩১ আগস্ট ২০১৬ তারিখে থাইল্যান্ড এর **Phuket-এ অনুষ্ঠিতব্য The 3rd WESTPAC Training Workshop on Research and Monitoring of the Ecological Impacts of Ocean Acidification on Coral Reef Ecosystems-এ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সিস্টেম এনালিস্ট কমান্ডার আহমদ আল করিম, বিএন, এর অংশগ্রহণের নিমিত্ত সফরের সরকারী মঞ্জুরী।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনার অনুকূলে আগামী ২৯-৩১ আগস্ট ২০১৬ তারিখে থাইল্যান্ড এর Phuket-এ অনুষ্ঠিতব্য The 3rd WESTPAC Training Workshop on Research and Monitoring of the Ecological Impacts of Ocean Acidification on Coral Reef Ecosystems-এ অংশগ্রহণের নিমিত্ত সফরের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছে।

- ০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ
- ক) উক্ত সফরের সময় আপনি অত্র দপ্তরে কর্তব্যরত আছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন-ভাতা'র কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত হবেন না;
- খ) সফরের যাবতীয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে এবং সফর শেষে আপনি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার প্রদান সাপেক্ষে অগ্রিম গৃহীত অর্থ সমন্বয় করবেন;
- গ) উক্ত সফরের জন্য আপনি ২৮ আগস্ট ২০১৬ অথবা নিকটবর্তী তারিখে থাইল্যান্ড এর উদ্দেশ্যে রওয়ানা করবেন এবং কার্যশেষে ০১ সেপ্টেম্বর ২০১৬ অথবা নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- ০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

 ২৮/০৭/১৬

(এ কে এম মনিরুল হক)
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
মোবাইল নম্বর: +৮৮-০১৭১৬২০৯৮৬০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) মহাপরিচালক (দক্ষিণ-পূর্ব এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) রাষ্ট্রাচার উপ-প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮) সহকারী সচিব (তহবিল/সাধারণ সেবা/আরএন্ডটি/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সংশ্লিষ্ট নথি।

 ২৮/০৭/১৬

(এ কে এম মনিরুল হক)
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
মোবাইল নম্বর: +৮৮-০১৭১৬২০৯৮৬০